

১৯৬৮ সালে সিদ্ধিরগঞ্জ তাপ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের মাধ্যমে তিতাস গ্যাস এর বাণিজ্যিক কার্যক্রম শুরু হয়। বিগত পাঁচ দশকে কোম্পানির কার্য-পরিধির ব্যাপক বিস্তৃতি ঘটেছে এবং এ যাবতকাল গ্রাহকদের চাহিদানুযায়ী নিরবচ্ছিন্নভাবে গ্যাস সরবরাহ করে আসছে। কিন্তু, সাম্প্রতিক সময়ে কোম্পানির আওতাধীন এলাকায় গ্রাহকদের চাহিদার বিপরীতে ফিল্ডসমূহ হতে পর্যাপ্ত গ্যাস সরবরাহের ঘাটতির পাশাপাশি রাশিয়া ইউক্রেন যুদ্ধে সারা বিশ্বে জ্বালানি সংকট তীব্র হওয়ায় আমদানিকৃত এলএনজির ও স্বল্পতা দেখা দেয়ার কারণে তিতাস অধিভুক্ত কতিপয় এলাকায় স্বল্পচাপ সমস্যা বিরাজমান থাকায় গ্রাহক সেবা কিছুটা বিঘ্নিত হচ্ছে। বর্তমানে কোম্পানি ১৩,৩৯১.৩২ কি.মি. পাইপলাইনের মাধ্যমে গ্যাস সরবরাহ করছে। ৩০ জুন, ২০২৩ পর্যন্ত কোম্পানির ক্রমপুঞ্জিত গ্রাহক সংখ্যা ২৮,৭৮,৭৫৭ টি।

বিগত পাঁচ বছরে তিতাস গ্যাসের গ্রাহক সংখ্যার একটি পরিসংখ্যান নিচের সারণিতে প্রদান করা হ'ল :

গ্রাহক শ্রেণি	গ্রাহক সংখ্যা				
	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২০২২	২০২২-২০২৩
বিদ্যুৎ	৪৫	৪৬	৪৭	৪৭	৫৬
সার	৩	৩	৩	৩	২
শিল্প	৫,২৭৯	৫,৩১৩	৫৩২২	৫৩৯৬	৫৪২৯
ক্যাপটিভ পাওয়ার	১,৬৮০	১,৭০১	১৭১০	১৭৩৬	১৭৫৫
সিএনজি	৩৯৪	৩৯৬	৩৯৬	৩৯৬	৩৯৬
বাণিজ্যিক	১২,০৭৫	১২,০৭৫	১২০৭৬	১২০৭৮	১২০৭৮
আবাসিক	২৮,৪৬,৪১৯	২৮,৫৫,৩০২	২৮,৫৬,২৪৭	২৮,৫৭,৯৪৮	২৮,৫৩,০৫৩
মোট	২৮,৬৫,৯০৭*	২৮,৭৪,৮৪৮*	২৮,৭৫,৮১৩*	২৮,৭৭,৬০৪*	২৮,৭৮,৭৫৭ *

\* ১২টি মৌসুমি গ্রাহক, ১৭টি আবাসিক জেনারেটর এবং ৫৯৫৯টি মিটারযুক্ত আবাসিক গ্রাহকসহ।